



তথ্যবিবরণী

নম্বর : ১৭

বিভাগীয় বৃক্ষমেলায় সমাপনীতে রাজশাহীকে আরো সুন্দর করতে চান রাসিক মেয়র

রাজশাহী, ২০ শ্রাবণ (০৩ আগস্ট) :

রাজশাহী বিভাগীয় বৃক্ষমেলা-২০২২ সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন গতকাল বিকেলে নগর ভবনের সিটি হল সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তৃতাকালে মেয়র বলেন, পরিচ্ছন্নতা ও সবুজায়নে রাজশাহী সিটি কর্পোরেশন সারাদেশে প্রশংসিত হয়েছে। জাতীয় পরিবেশ পদক-২০২১ আমরা অর্জন করেছি। সিটি কর্পোরেশনের নিজস্ব নার্সারি প্রতিষ্ঠা করা হয়েছে। আমরা রাজশাহীকে আরো সুন্দর করতে চাই।

তিনি আরো বলেন, গাছ লাগানোর ধরন নিয়ে আমাদের সবাইকে ভাবতে হবে। মহানগরীতে যাতে সারা বছর বিভিন্ন প্রজাতির ফুল ফোটে এ জন্য আমরা কাজ করছি। নগরীতে বড় নার্সারী প্রতিষ্ঠার উদ্যোগ নিয়ে আমাদের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।

রাজশাহী জেলা প্রশাসক আব্দুল জলিলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা প্রদান করেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশের কমিশনার আবু কালাম সিদ্দিক, অতিরিক্ত পুলিশ সুপার ইফতেখায়ের আলম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সামাজিক বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা রফিকুজ্জামান শাহ।

উল্লেখ্য, সামাজিক বন বিভাগ রাজশাহীর আয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতায় নগরভবন গ্রিন চত্বরে ১৫ দিনব্যাপী রাজশাহী বিভাগীয় বৃক্ষমেলা অনুষ্ঠিত হয়। মেলায় ৬৩টি স্টল ছিল। স্টল স্থাপন ও সক্রিয় অংশগ্রহণে ১ম স্থান অর্জন করেছে মেট্রোপলিটন নার্সারী। যৌথভাবে দ্বিতীয় হয়েছে রাজশাহী নার্সারী ও লিজা নার্সারী। যৌথভাবে তৃতীয় হয়েছে মোল্লা নার্সারী ও রুদ্র নার্সারী।

তৌহিদুজ্জামান/সিকান্দার/রুহুল/হালিম/২০২২